



মোঃ মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd



“সংবাদ বিজ্ঞপ্তি”

“মোংলা বন্দরে গিয়ারলেস জাহাজে পণ্য খালাস এবং শ্রমিক কল্যাণ হাসপাতালে সংযোজিত হলো এম্বুলেন্স”

ওশান ট্রেড লিমিটেডের পানামা পতাকাবাহী গিয়ারলেস (নিজস্ব ফ্রেনবিহীন) জাহাজ “M V FILOTIMO” মোংলা বন্দরের ৯ নং জেটিতে নোঙর করে। এই জাহাজটির দৈর্ঘ্য ১৭২ মিটার, গভীরতা ৬.৯ মিটার এবং জাহাজটি ৪৩৮ টিউজ কন্টেইনার নিয়ে আগমন করে। মোংলা বন্দর কর্তৃপক্ষের ২টি মাল্টিপারপাস ফ্রেন এবং ১ টি মোবাইল হারবার ফ্রেনের মাধ্যমে ২৪৩ টি পণ্যবাহী কন্টেইনার জাহাজ হতে নামানো হয় এবং ২৫০ টি কন্টেইনার জাহাজে উঠানো হয়।

এবিষয়ে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বলেন, “ইতিমধ্যে আমরা চারটি মোবাইল হারবার ফ্রেন সংগ্রহ করেছি। আজকে বন্দরে গিয়ারলেস জাহাজ খালাস হচ্ছে এবং বন্দরের কন্টেইনার হ্যান্ডলিং এর যে লক্ষ্যমাত্রা ছিল সে লক্ষ্যমাত্রার দিকে আমরা এগিয়ে যাচ্ছি এবং কার্গো হ্যান্ডলিং এর লক্ষ্যমাত্রা চার মাসে অর্ধেকের বেশি অর্জন করতে সক্ষম হয়েছি। গিয়ারলেস জাহাজ আমাদের বন্দরের কার্গো হ্যান্ডলিং ক্ষমতাকে আরো বৃদ্ধি করেছে। এ বছরের মাঝামাঝি মাননীয় প্রধানমন্ত্রী পদ্মা সেতু উদ্বোধন করবেন, সরকারের এই পদক্ষেপের সাথে মেগা প্রজেক্ট উদ্বোধনের পর মোংলা বন্দরের কার্যকরী ভূমিকা আরো দৃশ্যমান হবে।

উল্লেখ্য যে, মোংলা বন্দর কর্তৃপক্ষ নিজস্ব সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে সম্প্রতি ২টি মাল্টিপারপাস ফ্রেন এবং ৪টি মোবাইল হারবার ফ্রেন সংগ্রহ করেছে। ইতোপূর্বে বন্দরে শুধুমাত্র নিজস্ব ফ্রেনসংযুক্ত কন্টেইনার বহনকারী জাহাজ আগমন করত যার কন্টেইনার হ্যান্ডলিং প্রোডাক্টিভিটি ছিলো ঘন্টায় গড় ৮ টি কন্টেইনার। বন্দরে যুক্ত হওয়া জার্মানীর তৈরী এসকল ফ্রেন দ্বারা “M V FILOTIMO” জাহাজ হতে সকল কন্টেইনার খালাস ও বোঝাইকরণ কাজ ৩৯ ঘন্টায় সম্পাদন করা হয় যাতে প্রতি ঘন্টায় প্রোডাক্টিভিটি পাওয়া গেছে প্রায় ১৫ টি কন্টেইনার। এই অত্যাধুনিক মাল্টিপারপাস এবং মোবাইল হারবার ফ্রেনের মাধ্যমে উল্লেখিত পরিমান আমদানী ও রপ্তানীকৃত পণ্য হ্যান্ডলিং কাজ যথাযথ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করা হয়। মোংলা বন্দরে কন্টেইনারবাহী জাহাজ হ্যান্ডলিং এর ক্ষেত্রে ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থবছরে টার্ন এরাউন্ড টাইম ২.৫-৩ দিন ছিলো এর বিপরীতে উল্লেখিত জাহাজটির টার্ন এরাউন্ড টাইম ০২ দিন হওয়ায় মোংলা বন্দর কর্তৃপক্ষ তথা সরকারের জন্য একটি নতুন মাইল ফলক স্পর্শ করেছে।

এর আগে বেলা ১১:০০ ঘটিকায় বন্দরের সদর দপ্তরের সামনে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা একটি এম্বুলেন্স শ্রমিক কল্যাণ সমিতির নিকট হস্তান্তর করেন। মোংলা বন্দরে কর্মরত স্টিভেডর কর্তৃক নিয়োজিত ও নিয়ন্ত্রিত শ্রমিক-কর্মচারীদের চিকিৎসা সেবা নিশ্চিত করার লক্ষ্যে মোংলা বন্দর শ্রমিক কল্যাণ হাসপাতালের জন্য একটি TOYOTA Hiace Ambulance 2694cc Year of manufacture 2021 ক্রয় করা হয়েছে। মোংলা বন্দর শ্রমিক কল্যাণ হাসপাতালে অ্যাম্বুলেন্সটি যুক্ত হওয়ার ফলে শ্রমিকদের দ্রুত চিকিৎসা সেবা নিশ্চিত করা সম্ভব হবে এবং শ্রমিকদের বহুদিনের কাঙ্ক্ষিত দাবি পূরণ হতে যাচ্ছে একই সাথে মোংলা বন্দর শ্রমিক কল্যাণ হাসপাতালে আধুনিক সুযোগ-সুবিধা সংযোজন হলো।

স্বাক্ষরিত/-
উপসচিব